

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৫০

পর্ব-১১: হজ (এшыл) المناسك)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - ইহরাম ও তালবিয়াহ্

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا مِنْ مُسْلِمٍ يُلَبِّي إِلَّا لَبَّى مَنْ عَنْ يَمِينِهِ وَشِمَالِهِ: مِنْ حَجَرٍ أَوْ شَجَرٍ أَوْ مَدَرٍ حَتَّى تنقطِعَ الأرضُ مِنْ هَهُنا وَهُنا . رَوَاهُ التِّرْمِذِيِّ وَابْنِ مَاجَه

বাংলা

২৫৫০-[১১] সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন মুসলিম যখন তালবিয়াহ্ পাঠ করে, তখন তার সাথে সাথে তার ডান বামে যা কিছু আছে- পাথর, গাছ-গাছড়া কিংবা মাটির ঢেলা তালবিয়াহ্ পাঠ করে থাকে। এমনকি এখান থেকে এদিক ও ওদিকে (পূর্ব ও পশ্চিমের) ভূখণ্ডের শেষ সীমা পর্যন্ত। (তিরমিয়ী ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ৮২৮, ইবনু মাজাহ ২৯২১, সহীহ আল জামি ৫৭৭০, সহীহ আত্ তারগীব ১১৩৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (حَتَّى تَنْقَطِعَ الْأَرْضُ مِنْ هَٰهَنَا وَهَٰهُنَا) এমনকি তা পূর্ব ও পশ্চিম প্রান্তে পৌঁছে যায়। পাথর, বৃক্ষ ও ইট এসবগুলোর তালবিয়াহ্ পাঠের দ্বারা মুসলিমদের বুঝানো হচ্ছে যে, এ যিকিরের মর্যাদা অনেক বেশী। আল্লাহর নিকট এর অনেক ফাযীলাত ও মর্যাদা রয়েছে। এটাও অসম্ভব নয় যে, তালবিয়াহ্ পাঠকারীর 'আমলনামায় তাদের তালবিয়াহ্ পাঠের সাওয়াবও লিখা হবে। কেননা তিনি অন্যদের তালবিয়াহ্ পাঠের কারণ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=57110}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন